গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা।
www.bfsa.gov.bd

বিষয় : বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : সৈয়দা সারওয়ার জাহান

চেয়ারম্যান

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।

তারিখ : ০৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

সময় : সকাল ০৯:১৫ টা

স্থান : বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা : পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভাপতি কর্তৃক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট জনাব সমীর কুমার বিশ্বাস, উপসচিবকে আলোচ্যসূচি অনুযায়ী সভায় আলোচনা উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। সভাপতির নির্দেশক্রমে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১৯-২০২০ অর্থ বছরের কর্ম-পরিকল্পনা ১ম কোয়ার্টারের অগ্রগতি এবং শুদ্ধাচার সম্পর্কিত চলমান কার্যক্রম বাস্তবায়নে কার্যকরী পদক্ষেপ গ্রহণ বিষয়ে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট জনাব সমীর কুমার বিশ্বাস আলোচনা উপস্থাপন করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | অংশীজনের সভা ইতোমধ্যে একটি সম্পন্ন হয়েছে। আগামী ০৯-০৯-২০১৯ তারিখ বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক পাস্তুরিত দুধ শিরোনামে বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে সভা আহ্বান করা হয়েছে। উক্ত সভার সাথে কর্তৃপক্ষের অংশীজনের সভা করা যেতে পারে। | আগামী ০৯-০৯-২০১৯ তারিখ বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক পাস্তুরিত দুধ উৎপাদনকারী ও বিপণনকারী বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সাথে সভা আহ্বান করা হয়েছে। উক্ত সভায় উপস্থিত সদস্যদের সাথে কর্তৃপক্ষের অংশীজনের সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২. | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন | ১ম কোয়ার্টারে অর্থাৎ সেপ্টেম্বর, ২০১৯ এর মধ্যে কমপক্ষে ১০ জন কর্মকর্তা-কর্মচারীকে প্রশিক্ষণ দেয়ার ব্যাপারে আলোচনা করা হয়। | ১ম কোয়ার্টারে অর্থাৎ সেপ্টেম্বর, ২০১৯ এর মধ্যে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কর্মরত কমপক্ষে ১০ জন কর্মকর্তা-কর্মচারীকে চাকরি সংক্রান্ত প্রশিক্ষণ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নে: সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।** |
| ৩. | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ১ম কোয়ার্টারে অর্থাৎ সেপ্টেম্বর, ২০১৯ এর মধ্যে কমপক্ষে ১৪ জন কর্মকর্তা-কর্মচারীর অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ দেয়ার ব্যাপারে আলোচনা করা হয়। | ১ম কোয়ার্টারে অর্থাৎ সেপ্টেম্বর, ২০১৯ এর মধ্যে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কর্মরত কমপক্ষে ১৪ জন কর্মকর্তা-কর্মচারীর অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়নে: সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। |
| ৪. | নিরাপদ খাদ্য (খাদ্য স্পর্শক) প্রবিধান মালা, ২০১৯ | নিরাপদ খাদ্য (খাদ্য স্পর্শক) প্রবিধান মালা, ২০১৯ ইতোমধ্যে চূড়ান্ত করে ছাপানোর জন্য বিজি প্রেস এ প্রেরণ করা হয়েছে। | নিরাপদ খাদ্য (খাদ্য স্পর্শক) প্রবিধানমালা, ২০১৯ ছাপানো সম্পন্ন হলে উক্ত প্রবিধানমালাটি সচিব, খাদ্য মন্ত্রণালয় বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়নে: সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ। |
| ৫. | স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ওয়েবসাইটে শুদ্ধাচার হালনাগাদকরণের বিষয়ে আলোচনা করা হয়। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ওয়েবসাইটে ১ম কোয়ার্টার পোস্ট হওয়ার পূর্বেই শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়নে: আইটি ম্যানেজার, আইএফএস-বি প্রকল্প |

| | | | |
|---|---|---|---|
| ৬. | স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | খাদ্য মন্ত্রণালয় ইতোমধ্যে একটি স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকার খসড়া প্রকাশ করেছে। তারই আলোকে বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের একটি স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকার অতিদ্রুত প্রস্তুতপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে আলোচনা করা হয়। | কর্তৃপক্ষের একটি স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকার অতিদ্রুত প্রস্তুত করে ওয়েবসাইটে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নে: শুদ্ধাচার ফোকাল পয়েন্ট ও আইটি ম্যানেজার, আইএফএস-বি প্রকল্প** |
| ৭. | স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ওয়েবসাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স সেপ্টেম্বর, ২০১৯ তারিখের মধ্যে স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নে: শুদ্ধাচার ফোকাল পয়েন্ট ও আইটি ম্যানেজার, আইএফএস-বি প্রকল্প** |
| ৮. | উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে সচিব, খাদ্য মন্ত্রণালয় বরাবর প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে সচিব, খাদ্য মন্ত্রণালয় বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নে: শুদ্ধাচার ফোকাল পয়েন্ট** |
| ৯. | প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুমোদন | আইএফএস-বি প্রকল্পের বার্ষিক ক্রয় পরিকল্পনার চূড়ান্ত করার বিষয়ে আলোচনা করা হয়। | আইএফএস-বি প্রকল্পের চূড়ান্ত বার্ষিক ক্রয় পরিকল্পনার চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষকে অবহিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নে: ন্যাশনাল টিম লিডার, আইএফএস-বি প্রকল্প** |
| ১০. | স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) হালনাগাদকরণের বিষয়ে আলোচনা করা হয়। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন ও অর্থ)** |
| ১১. | শাখা/অধিশাখা এবং অধীনস্থ অফিস পরিদর্শন | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কর্মকর্তাগণ নিজ নিজ শাখা/অধিশাখা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করার বিষয়ে আলোচনা করা হয়। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কর্মকর্তাগণ নিজ নিজ শাখা/অধিশাখা পরিদর্শন করে সেপ্টেম্বর, ২০১৯ মাসের মধ্যে চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ বরাবর প্রতিবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নে: বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের কর্মরত সকল সদস্য, সচিব, পরিচালক ও উপসচিব** |
| ১২. | বিএফএসএ-র কার্যালয়ে নিরাপদ খাদ্য বিষয়ে বিভিন্ন শ্লোগান/বক্তব্য/নির্দেশনা সম্বলিত একটি ডিজিটাল হোর্ডিং সাইন স্থাপন | বিএফএসএ-র কার্যালয়ে নিরাপদ খাদ্য বিষয়ে বিভিন্ন শ্লোগান/বক্তব্য/নির্দেশনা সম্বলিত একটি ডিজিটাল হোর্ডিং সাইন স্থাপন করার বিষয়ে আলোচনা করা হয়। | বিএফএসএ-র কার্যালয়ে নিরাপদ খাদ্য বিষয়ে বিভিন্ন শ্লোগান/বক্তব্য/নির্দেশনা সম্বলিত একটি ডিজিটাল হোর্ডিং সাইন স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং পরিচালক, জনসচেতনতা বিভাগ।** |
| ১৩. | স্বাস্থ্যবিধি বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ঢাকা মহানগরীর ১০টি স্কুল/কলেজে অ্যাওয়ারনেস কর্মসূচি অনুষ্ঠান | স্বাস্থ্যবিধি ও নিরাপদ খাদ্য বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ঢাকা মহানগরীতে সেপ্টেম্বর, ২০১৯ মাসের মধ্যে কমপক্ষে ২টি স্কুল/কলেজে অ্যাওয়ারনেস কর্মসূচি অনুষ্ঠান আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | স্বাস্থ্যবিধি ও নিরাপদ খাদ্য বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ঢাকা মহানগরীতে সেপ্টেম্বর, ২০১৯ মাসের মধ্যে কমপক্ষে ২টি স্কুল/কলেজে অ্যাওয়ারনেস কর্মসূচি অনুষ্ঠান আয়োজনের নিমিত্ত প্রতিটি স্কুল/কলেজে অ্যাওয়ারনেস অনুষ্ঠানের জন্য সম্ভাব্য একটি বাজেট অনুমোদনের পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া অতিসত্বর দুটি প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে অনুষ্ঠান আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।<br>**বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং পরিচালক, জনসচেতনতা বিভাগ।** |

| | | | |
|---|---|---|---|
| ১৪. | শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় অন্তর্ভুক্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের আনুমানিক পরিমাণ | শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে পুরস্কার/প্রণোদনা প্রদান করার লক্ষে এ বছরের বাজেটে প্রয়োজনীয় বরাদ্দ রাখার বিষয়ে আলোচনা করা হয়। | শুদ্ধাচার কর্ম-পরিকল্পনায় বাস্তবায়নে পুরস্কার/প্রণোদনা প্রদান করার লক্ষে এ বছরের বাজেটে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার টাকা) বরাদ্দ রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ** |
| ১৫. | নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | শুদ্ধাচার বাস্তবায়ন ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন যথা সময়ে তৈরি করার বিষয়ে আলোচনা করা হয়। | শুদ্ধাচার বাস্তবায়ন ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন যথা সময়ে তৈরি করে ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**বাস্তবায়নে: পরিচালক, ঝুঁকি ও ভোক্তা সচেতনতা বিভাগ এবং আইটি ম্যানেজার, আইএফএস-বি প্রকল্প** |

স্বাক্ষরিত
(সৈয়দা সারওয়ার জাহান)
চেয়ারম্যান
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
ও
সভাপতি, নৈতিকতা কমিটি

নম্বর : ১৩.০২.০০০০.৫০৭.১৮.০০১.১৯.৭৮০

তারিখ: ০৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

বিতরণ:

১। চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
২। জনাব মাহবুব কবীর, সদস্য, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৩। জনাব মঞ্জুর মোর্শেদ আহমেদ, সদস্য, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৪। জনাব রেজাউল করিম, সদস্য, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৫। জনাব প্রফেসর ড. মো: আব্দুল আলীম, সদস্য, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৬। জনাব মো: মোকাম্মেল হক, সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৭। জনাব আবু সাঈদ মো: নোমান, পরিচালক, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৮। জনাব আব্দুন নাসের খান, পরিচালক (প্রশাসন ও অর্থ) বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৯। জনাব আবু সহিদ ছালেহ মো: জুবেরী, পরিচালক, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
১০। ড. সহদেব চন্দ্র সাহা, পরিচালক, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
১১। জনাব আবু হেনা মো: মোস্তফা কামাল, উপসচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষে নিয়োজিত।
১২। জনাব আবদুর রহমান, উপসচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষে নিয়োজিত।
১৩। জনাব তানভীর আহমেদ, আইটি ম্যানেজার, আইএফএস-বি প্রকল্প।

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃ.আ. যুগ্মসচিব (সমন্বয় ও সংসদ)]

০৫/০৯/২০১৯
(সমীর কুমার বিশ্বাস)
উপসচিব